

কোলকাতার রথযাত্রায়

রথের রাজা জগন্নাথজি রথে বসে যাত্রায়
বেরিয়েছেন কোলকাতায়, জুলাই মাসের দোসরায়।
বৃষ্টি নেই, বাদল নেই, ভীষণ মজার যাত্রা
আতশবাজি, আলোক-বাদ্য ভীড় পুরোমাত্রা।
অনেক জনে টানেন দড়ি, মানুষ অনেক সংগে
মহানন্দে ভক্ত সবে নাচেন নানান ভঞ্জে।

দাদু বলেন, “আগেরকালে বস্তো কতো মেলা
জগন্নাথজি’র রথের সাথে কেনাকাটার পালা।
আমের ভেঁপু, পাতার বাঁশী, ফুলুরি আর পাঁপড়
রকমারি গাছের চারা, খাঁচার পাখীর কদর।
রথের মেলায় বাজার ক’রে ফিরত লোকে রাতে
সেসব দিনের লোকগুলো আর যায় না এখন রথে”।

এখন নানান যন্ত্র, বাদ্য সংগে ‘টি ভি’র লোক
রথ যাত্রায় লোকে হাঁটেন- ‘টি ভি’র যন্ত্রে চোখ।
প্রণাম ক’রে পুণ্য করেন হরেক ভক্তজন
ইদানিং এই সহজ প্রথায় উৎসব উদ্-যাপন।
প্লাস্টিকের রথের দড়ি আবালবৃদ্ধ টানেন
জগন্নাথজি এখনো সেই আগের মতোই আছেন!